রেজিস্টার্ড নং ডি এ-১ ২০১৭ সনের ৪৩ নং

# বাংলাদেশ গেজেট

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

**বৃহস্পতিবার, অক্টোবর ২৬, ২০১৭**

## সূচীপত্র


| | পৃষ্ঠা নং | | পৃষ্ঠা নং |
|---|---|---|---|
| ১ম খণ্ড—গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের সকল মন্ত্রণালয়, বিভাগ, সংযুক্ত ও অধীনস্থ দপ্তরসমূহ এবং বাংলাদেশ সুপ্রীমকোর্ট কর্তৃক জারীকৃত বিধি ও আদেশাবলী সম্বলিত বিধিবদ্ধ প্রজ্ঞাপনসমূহ। | ৭৩৫—৭৪৬ | ৭ম খণ্ড—অন্য কোন খণ্ডে অপ্রকাশিত অধস্তন প্রশাসন কর্তৃক জারীকৃত অ-বিধিবদ্ধ ও বিবিধ প্রজ্ঞাপনসমূহ। | নাই |
| | | ৮ম খণ্ড—বেসরকারি ব্যক্তি এবং কর্পোরেশন কর্তৃক অর্থের বিনিময়ে জারীকৃত বিজ্ঞাপন ও নোটিশসমূহ। | নাই |
| ২য় খণ্ড—প্রতিরক্ষা মন্ত্রণালয় ও বাংলাদেশ সুপ্রীমকোর্ট ব্যতীত গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার কর্তৃক জারীকৃত যাবতীয় নিয়োগ, পদোন্নতি, বদলী ইত্যাদি বিষয়ক প্রজ্ঞাপনসমূহ। | ১৫২৭—১৬০৬ | ক্রোড়পত্র—সংখ্যা | |
| | | (১) . . . . .সনের জন্য উৎপাদনমুখী শিল্পসমূহের শুমারী। | নাই |
| | | (২) . . . . .বৎসরের জন্য বাংলাদেশের লিচুর চূড়ান্ত আনুমানিক হিসাব। | নাই |
| ৩য় খণ্ড—প্রথম খণ্ডে অন্তর্ভুক্ত প্রজ্ঞাপনসমূহ ব্যতীত প্রতিরক্ষা মন্ত্রণালয় কর্তৃক জারীকৃত প্রজ্ঞাপনসমূহ। | নাই | (৩) . . . . . বৎসরের জন্য বাংলাদেশের টক জাতীয় ফলের আনুমানিক হিসাব। | নাই |
| ৪র্থ খণ্ড—প্রথম খণ্ডে অন্তর্ভুক্ত প্রজ্ঞাপনসমূহ ব্যতীত পেটেন্ট অফিস কর্তৃক জারীকৃত প্রজ্ঞাপনসমূহ ইত্যাদি। | নাই | (৪) . . . . . কৃষি মন্ত্রণালয় কর্তৃক প্রকাশিত বৎসরের চা উৎপাদনের চূড়ান্ত আনুষ্ঠানিক হিসাব। | নাই |
| ৫ম খণ্ড—বাংলাদেশ জাতীয় সংসদের এ্যাক্ট, বিল ইত্যাদি। | নাই | (৫) . . . . . তারিখে সমাপ্ত সপ্তাহে বাংলাদেশের জেলা এবং শহরে কলেরা, গুটি বসন্ত, প্লেগ এবং অন্যান্য সংক্রামক ব্যাধি দ্বারা আক্রমণ ও মৃত্যুর সাপ্তাহিক পরিসংখ্যান। | নাই |
| ৬ষ্ঠ খণ্ড—প্রথম খণ্ডে অন্তর্ভুক্ত প্রজ্ঞাপনসমূহ ব্যতীত বাংলাদেশ সুপ্রীমকোর্ট, বাংলাদেশের মহা-হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক, সরকারি চাকুরী কমিশন এবং গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের অধস্তন ও সংযুক্ত দপ্তরসমূহ কর্তৃক জারীকৃত প্রজ্ঞাপনসমূহ। | ১৫৭৫—১৬৮০ | (৬) . . . . . তারিখে সমাপ্ত ত্রৈমাসিক পরিচালক, চলচ্চিত্র ও প্রকাশনা অধিদপ্তর কর্তৃক প্রকাশিত ত্রৈমাসিক গ্রন্থ তালিকা। | নাই |


## ১ম খণ্ড

### গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের সকল মন্ত্রণালয়, বিভাগ, সংযুক্ত ও অধীনস্থ দপ্তরসমূহ এবং বাংলাদেশ সুপ্রীমকোর্ট কর্তৃক জারীকৃত বিধি ও আদেশাবলি সম্বলিত বিধিবদ্ধ প্রজ্ঞাপনসমূহ।

**অর্থ মন্ত্রণালয়**
**আর্থিক প্রতিষ্ঠান বিভাগ**
**বীমা অধিশাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ: ২৮ সেপ্টেম্বর ২০১৭ খ্রিস্টাব্দ

**নং ৫৩.০০.০০০০.৪১১.১১.০০১.১৭-৩৯৫**—বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ আইন, ২০১০ এর ৫(২) ধারা অনুযায়ী অবসরপ্রাপ্ত জেলা ও দায়রা জজ জনাব বোরহান উদ্দিন আহমেদ, বাড়ী নং-১৮, রোড নং-০৩, সেক্টর-০৬, উত্তরা, ঢাকা'কে অন্যান্য সকল প্রতিষ্ঠান ও সংগঠনের সাথে কর্ম-সম্পর্ক পরিত্যাগের শর্তে নিয়োগের তারিখ হতে ৬৭ বছর পূর্ণ না হওয়া পর্যন্ত অথবা যোগদানের তারিখ হতে ১১ মে ২০২০ সময়কালের জন্য বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষের সদস্য (আইন) পদে চুক্তিভিত্তিক নিয়োগ প্রদান করা হলো।

২। বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ আইন, ২০১০ এর ধারা ১২ অনুযায়ী বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষের সদস্যের পারিশ্রমিক, ভাতা ও অন্যান্য শর্তাদি সরকার কর্তৃক স্থিরীকৃত হবে।

৩। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ আদেশ জারি করা হলো।

৪। জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ মনিরুল ইসলাম**
উপসচিব।

মোঃ আব্দুল মালেক, উপপরিচালক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ আলমগীর হোসেন, উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd

**বিচার শাখা-৭**
**আইন ও বিচার বিভাগ**
**আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়**

**আদেশ**

তারিখ: ১৩ সেপ্টেম্বর ২০১৭ খ্রিঃ

নং **বিচার-৭/২এন-৭১/৭৫(অংশ)-৭৬৬**—মুসলিম বিবাহ ও তালাক (নিবন্ধন) আইন, ১৯৭৪ (১৯৭৪ সনের ৫২ নং আইন) এর ৪ ধারার প্রদত্ত ক্ষমতাবলে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার সন্তুষ্ট হয়ে আপনাকে জনাব মোঃ ওয়াজেদ আলী, পিতা-নাসির উদ্দিন, মাতা-মৃত আশফুল বেগম, মহল্লা গনেশতলা, ৩ নং ওয়ার্ড, ডাকঘর-দিনাজপুর, উপজেলা-দিনাজপুর সদর, জেলা-দিনাজপুর এই আইন ও উহার অধীন প্রণীত বিধি দ্বারা নির্ধারিত পদ্ধতিতে দিনাজপুর জেলার সদর পৌরসভার ৩ নং ওয়ার্ডের জন্য বিবাহ ও তালাক সংশ্লিষ্ট ব্যক্তি কর্তৃক মৌখিক বা লিখিত আবেদনের প্রেক্ষিতে উক্ত বিবাহ ও তালাক নিবন্ধনের ক্ষমতা প্রদান করিল।

২। এই আইন ও উহার অধীন প্রণীত বিধিমালার বিধানসমূহ যথাযথভাবে প্রতিপালন করা আপনার দায়িত্ব হইবে।

৩। সরকার বাতিল বা স্থগিত না করা পর্যন্ত অথবা লাইসেন্সধারী ব্যক্তির বয়স ৬৭ (সাতষট্টি) বৎসর না হওয়া পর্যন্ত এই লাইসেন্স বলবৎ থাকিবে।

তবে শর্ত থাকে যে, সরকার যে কোন সময় লাইসেন্সধারী ব্যক্তির উক্ত বয়স পুনঃ নির্ধারণ করিতে পারিবে।

উল্লেখ্য, বর্ণিত বিষয়ে কোন উপযুক্ত আদালতের কোনরূপ নিষেধাজ্ঞা বা স্থগিতাদেশ থাকিলে এই নিয়োগ আদেশ স্থগিত বলে গণ্য হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**জি,এম,নাজমুছ শাহাদাৎ**
সিনিয়র সহকারী সচিব।

---

**বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়**
**এনসিএসটি সেল ও বঙ্গবন্ধু ফেলোশিপ ট্রাস্ট**

**প্রজ্ঞাপন**

তারিখ: ০৫ আশ্বিন ১৪২৪/২০ সেপ্টেম্বর ২০১৭

নং **৩৯.০০.০০০০.০৩৫.২৯.০০১.১৭-১৪৭**—গত ৬ জুলাই ২০১৭ তারিখে ৩৯.০০.০০০০.০১২.০২.০১৫.১৭-৩৮৯ প্রজ্ঞাপন মূলে ২০১৭-১৮ অর্থ বছরে “দেশে স্থানীয়ভাবে উদ্ভাবিত লাগসই প্রযুক্তির প্রয়োগ ও সম্প্রসরণ শীর্ষক সেমিনার/কর্মশালা ও প্রদর্শনী আয়োজন”-এর লক্ষ্যে উপজেলা বাছাইয়ের সুপারিশের জন্য গঠিত কমিটি নিম্নরূপভাবে পুনর্গঠন করা হলো:

**আহ্বায়ক**

(১) অতিরিক্ত সচিব (বিঃপ্রঃ), বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

**সদস্যবৃন্দ**

(২) মহাপরিচালক, জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি জাদুঘর, আগারগাঁও, ঢাকা।

(৩) বাংলাদেশ বিজ্ঞান ও শিল্প গবেষণা পরিষদ, ধানমন্ডি, ঢাকা-এর একজন প্রতিনিধি।

(৪) বাংলাদেশ বিজ্ঞান একাডেমি, আগারগাঁও, ঢাকা-এর একজন প্রতিনিধি।

(৫) কৃষি মন্ত্রণালয়ের একজন প্রতিনিধি।

**সদস্য-সচিব**

(৬) উপসচিব, এনসিএসটি সেল, বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

২। ইহা অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ আছির উদ্দীন সরদার**
উপসচিব।

---

**প্রজ্ঞাপন**

তারিখ: ১১ আশ্বিন ১৪২৪/২৬ সেপ্টেম্বর ২০১৭

নং **৩৯.০০.০০০০.০০৬.১২.০০৩১.১৬-৫২২**—জনপ্রশাসন মন্ত্রণালয়ের ১৮-০৯-২০১৭ তারিখের ০৫.০০.০০০০.১৩৩.১২.০৮৬.১৭-২৮৬ সংখ্যক স্মারক অনুসারে বাংলাদেশ পরমাণু শক্তি কমিশনের নিম্নোক্ত কর্মচারীকে কমিশনের সদস্য (পরিকল্পনা) (গ্রেড-২) পদে নিয়োগ প্রদান করা হলো:

| কর্মচারীর নাম, পদবি, কর্মস্থল ও গ্রেডেশন নম্বর | নিয়োগকৃত পদ |
|---|---|
| ড. আলেয়া বেগম<br>প্রধান বৈজ্ঞানিক কর্মকর্তা ও সদস্য, পরিকল্পনা (চলতি দায়িত্ব) বাংলাদেশ পরমাণু শক্তি কমিশন গ্রেডেশন নম্বর-১। | সদস্য<br>(পরিকল্পনা)<br>গ্রেড-২ |

২। এ আদেশ জনস্বার্থে জারি করা হলো এবং এটি অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ আনোয়ার হোসেন**
ভারপ্রাপ্ত সচিব।

---

**যুব ও ক্রীড়া মন্ত্রণালয়**
**যুব-০১ শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ: ২৬ ভাদ্র ১৪২৪ বঙ্গাব্দ/১০ সেপ্টেম্বর ২০১৭ খ্রিঃ

নং **৩৪.০০.০০০০.০৫১.০৪.০১২.১৭-৩৫৪**—যেহেতু, জনাব আবু তাহের মোঃ ওবায়দুল্লাহ, উপপরিচালক (চলতি দায়িত্ব), যুব উন্নয়ন অধিদপ্তর, বরিশাল-এর বিরুদ্ধে কর্তৃপক্ষের সর্বশেষ নির্দেশনা উপেক্ষা করে রীতিবহির্ভূতভাবে উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তার নিকট বরগুনা জেলা কার্যালয়ের দায়িত্বভার অর্পণপূর্বক বরিশালে যোগদান করায় সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ১৯৮৫-এর বিধি ৩(বি) অনুযায়ী অসদাচরণের দায়ে অভিযুক্ত করে মন্ত্রণালয়ের গত ০৮-০৬-২০১৭ খ্রিঃ তারিখের ৩৪.০০.০০০০.০৫১.০৪.০১২.১৭-২৩১ সংখ্যক স্মারকে অভিযোগনামা ও অভিযোগ বিবরণী জারি করা হয়েছিল;

যেহেতু, জনাব আবু তাহের মোঃ ওবায়দুল্লাহ, উপপরিচালক (চলতি দায়িত্ব), যুব উন্নয়ন অধিদপ্তর, বরিশাল-এর বিরুদ্ধে জারীকৃত অভিযোগনামা ও অভিযোগ বিবরণীর জবারের পরিপ্রেক্ষিতে গত ১০-০৯-২০১৭ খ্রিঃ তারিখে তার ব্যক্তিগত শুনানি অনুষ্ঠিত হয় এবং অভিযুক্ত কর্মচারী জনাব আবু তাহের মোঃ ওবায়দুল্লাহ্ শুনানিতে হাজির হন এবং সরকার পক্ষে জনাব নূর মোহাম্মদ, সহকারী পরিচালক, যুব উন্নয়ন অধিদপ্তর প্রধান কার্যালয় মামলার Conducting Officer হিসেবে দায়িত্ব পালন করেন;

যেহেতু, গত ৩১-১০-২০১৬ খ্রিঃ তারিখের ৩৪.৫১.০০০০.০০৩.০১.১৫.২০১৬-৪৭৬ নং বদলির আদেশের প্রায় দেড় মাস পর তারিখ ১৪-১২-২০১৬ খ্রিঃ জনাব আবু তাহের মোঃ ওবায়দুল্লাহ, বরিশাল জেলা কার্যালয়ে যোগদান করেন এবং বরিশাল জেলা কার্যালয়ে যোগদানের প্রায় ২০ (বিশ) দিন পর যুব উন্নয়ন অধিদপ্তর হতে গত ০৩-০১-২০১৭ খ্রিঃ তারিখের ৩৪.০১.০০০০.০০৫.৪২.০১৬.৯২-১৯ সংখ্যক স্মারক এবং ০৬-০২-২০১৭ খ্রিঃ তারিখের ৩৪.০১.০০০০.০০৫.৪২.০১৬.৯২-২৮ সংখ্যক স্মারকের মাধ্যমে ০২ টি কারণ দর্শানো নোটিশ জারি করা হয়;

যেহেতু, ০২ টি কারণ দর্শানো নোটিশই বরগুনা জেলা কার্যালয়ের ঠিকানায় প্রেরণ করা হয়, যদিও তখন তিনি বরিশাল জেলা কার্যালয়ে কর্মরত ছিলেন। ১ম কারণ দর্শানো নোটিশটি তিনি পাননি। ২৬-০২-২০১৭ খ্রিঃ তারিখে তিনি ২য় কারণ দর্শানো নোটিশের জবাব দাখিল করেছেন;

যেহেতু, জনাব আবু তাহের মোঃ ওবায়দুল্লাহ, HOCM (obs-type) রোগে আক্রান্ত এবং মারাত্মক স্বাস্থ্যগত ঝুঁকির কারণে তিনি বরিশাল জেলা কার্যালয়ে যোগদান করেন;

যেহেতু, জনাব আবু তাহের মোঃ ওবায়দুল্লাহ, বরগুনা সদর উপজেলার 'উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা'-এর নিকট দায়িত্ব হস্তান্তর করার জন্য অনুতপ্ত হন এবং তার পিআরএল-এ গমনের আর মাত্র ১৪ (চৌদ্দ) মাস বাকি আছে ও দীর্ঘ চাকরিকালে তার বিরুদ্ধে কোন অভিযোগ উত্থাপিত হয়নি এবং তিনি তার অনিচ্ছাকৃত ভুলের জন্য তিনি ক্ষমা প্রার্থনা করেছেন;

সেহেতু, শুনানিতে প্রদত্ত বক্তব্য, নথি পর্যালোচনা এবং সার্বিক বিষয় বিবেচনায় জনাব আবু তাহের মোঃ ওবায়দুল্লাহ, উপপরিচালক (চলতি দায়িত্ব), যুব উন্নয়ন অধিদপ্তর, বরিশাল-এর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর বিধি ৩(বি) অনুযায়ী উত্থাপিত অসদাচরণের অভিযোগ হতে জনাব আবু তাহের মোঃ ওবায়দুল্লাহ-কে অব্যাহতি প্রদান করা হলো।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ আসাদুল ইসলাম**
সচিব।

---

**স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়**
**স্থানীয় সরকার বিভাগ**
**পাস-২ অধিশাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ: ১৪ সেপ্টেম্বর ২০১৭ খ্রিঃ/৩০ ভাদ্র ১৪২৪ বঙ্গাব্দ

**নং ৪৬.০০.০০০০.০৮৫.০১১.০৬৭.২০১৭-৬৪২**—পানি সরবরাহ ও পয়ঃ নিষ্কাশন কর্তৃপক্ষ আইন, ১৯৯৬ এর ২৮ (২) ধারা মোতাবেক প্রকৌশলী তাকসিম এ খান-কে তাঁর বর্তমান চাকুরির মেয়াদ পূর্ণ হওয়ার পর ১৪ অক্টোবর ২০১৭ হতে ১৩ অক্টোবর ২০২০ পর্যন্ত ৩(তিন) বছর মেয়াদে ঢাকা ওয়াসা'র ব্যবস্থাপনা পরিচালক হিসেবে পুনরায় নিয়োগের জন্য সরকারের অনুমোদন নির্দেশক্রমে জ্ঞাপন করা হলো।

**শাহানারা খাতুন**
উপসচিব।

**পৌর-১ শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ: ১৪ সেপ্টেম্বর ২০১৭ খ্রিঃ

**নং ৪৬.০০.০০০০.০৬৩.৪৬.০০২.১৭-১২২১**—যেহেতু, আপনি সৈয়দ জাহাঙ্গীর আলম, পিতা-মৃত সৈয়দ শামসুল আলম চৌধুরী, গ্রাম-নিমনগর বালুবাড়ী, পোষ্ট-দিনাজপুর, জেলা-দিনাজপুর, দিনাজপুর পৌরসভার মেয়র; এবং

যেহেতু, আপনি পৌরভবন নির্মাণের বরাদ্দকৃত অর্থ বিধি বহির্ভূতভাবে অন্য খাতে ব্যয় করেছেন ও ব্যক্তিগতভাবে লাভবান হওয়ার উদ্দেশ্যে ১৫ (পনের) বছর পূর্বের কাজের বিল বাবদ ১৬,২৭,১০৬.০০ (ষোল লক্ষ সাতাশ হাজার একশত ছয়) টাকার বিল পরিশোধ করেছেন; এবং

যেহেতু, ২০১২-১৩ হতে মে ২০১৭ পর্যন্ত সময়ে কোন প্রকার বিল-ভাউচার ছাড়াই বে-আইনীভাবে ভ্রমণ বিল বাবদ ৭,১৯,২৮৪.০০ (সাত লক্ষ উনিশ হাজার দুইশত চুরাশি) টাকা পৌর তহবিল হতে নিয়েছেন;

যেহেতু, আপনি ক্ষমতার অপব্যবহার করে বিভিন্ন ব্যক্তি/প্রতিষ্ঠানকে ৯১,৯৪,০৭০.০০ (একানব্বই লক্ষ চুরানব্বই হাজার সত্তর) টাকা পৌর তহবিল হতে আর্থিক সাহায্য/অনুদান দিয়েছেন; এবং

যেহেতু, আপনি সরকারি নির্দেশনা ও প্রচলিত বিধি-বিধান অমান্য করে মাষ্টার রোলে কর্মচারী নিয়োগের মাধ্যমে ২০১২-১৩ হতে মে, ২০১৭ পর্যন্ত সময়ে ৫,৯৭,৯৭,৯৬৬.০০ (পাঁচ কোটি সাতানব্বই লক্ষ সাতানব্বই হাজার নয়শত ছেষট্টি) টাকা বিধি বহির্ভূত ব্যয় করেছেন; এবং

যেহেতু, আপনি ইজিবাইক নিবন্ধন বাবদ প্রাপ্ত অর্থ হতে ভ্যাট বাবদ আদায়কৃত ১০,৪০,৬২৫.০০ (দশ লক্ষ চল্লিশ হাজার ছয়শত পঁচিশ) টাকা ও ২০১৬-১৭ অর্থ বছরে বিজ্ঞাপন বিল হতে ভ্যাট বাবদ আদায়কৃত ৩৮,৭৩৫.০০ (আটত্রিশ হাজার সাতশত পঁয়ত্রিশ) টাকা সরকারি খাতে জমা প্রদান করেননি। এ ছাড়া ২০১১-১২ হতে ২০১৫-১৬ পর্যন্ত আদায়কৃত বিজ্ঞাপন বিল হতে ভ্যাট বাবদ কোন অর্থ আদায় না করায় সরকার ৩,৩৮,৯২৮.০০ (তিন লক্ষ আটত্রিশ হাজার নয়শত আটাশ) টাকা রাজস্ব আয় হতে বঞ্চিত হয়েছে; এবং

যেহেতু, আপনি পৌর পরিষদকে না জানিয়ে এককভাবে ৮ (আট) জন আইনজীবী নিয়োগ করেছেন ও পৌর পরিষদকে সম্পৃক্ত না করে ক্ষমতার অপব্যবহার করে আইনজীবীদের দাবী অনুযায়ী তাঁদের ফি পরিশোধ করেছেন; এবং

যেহেতু, বাহাদুর বাজার এন,এ মার্কেটটির ১৪২৩ বাংলা সনের ইজারা মূল্য পরিশোধ না করার কারণে ইজারাদারের বিরুদ্ধে কোন ব্যবস্থা গ্রহণ না করে আপনি ইজারাদারকে বাজারের দখল বুঝে দিয়েছেন। প্রচলিত বিধি-বিধান উপেক্ষা করে কিস্তিতে ইজারা মূল্য গ্রহণ করে ৩ (তিন) টি পুকুর ও ৯ (নয়) টি মহাল সংশ্লিষ্ট ইজারাদারকে বুঝিয়ে দিয়েছেন। ফলে এ বাবাদ ২১,১৮,৯০৫.০০ (একুশ লক্ষ আঠার হাজার নয়শত পাঁচ) টাকা আদায় অনিশ্চিত হয়ে পড়েছে; এবং

যেহেতু, "কর নিরুপন ও আদায় সংক্রান্ত স্থায়ী কমিটি" এর সভায় উপস্থাপন ব্যতিরেকে আপনি ক্ষমতার অপব্যবহারকরতঃ এককভাবে কর হ্রাস করে পৌরসভার আর্থিক ক্ষতিসাধন করেছেন; এবং

যেহেতু, দিনাজপুর মিউনিসিপ্যাল হাই স্কুলের এমপিওভুক্ত শিক্ষক কর্মচারীদের বিভিন্ন ভাতা এবং খণ্ডকালীন শিক্ষক কর্মচারীদের বেতন-ভাতা প্রদান করে পৌর তহবিল হতে ১,৬২,৩৯,১০২.০০ (এক কোটি বাষট্টি লক্ষ ঊনচল্লিশ হাজার একশত দুই) টাকা অপচয় করা হয়েছে; এবং

যেহেতু, আপনি ২০১১-১২ হতে ২০১৬-১৭ অর্থ বছরের এপ্রিল পর্যন্ত রোলার ভাড়া বাবদ প্রাপ্ত আয় হতে ভ্যাট বাবদ আদায়কৃত ৬, ২০,৯১০.০০ (ছয় লক্ষ বিশ হাজার নয়শত দশ) টাকা বিভিন্ন

বাড়ীর প্ল্যান অনুমোদন খাতে প্রাপ্ত আয় হতে ভ্যাট বাবদ আদায়কৃত ৫,৯৭,৫১৯.০৪ (পাঁচ লক্ষ সাতানব্বই হাজার পাঁচশত উনিশ টাকা চার পয়সা) টাকা সরকারি খাতে জমা প্রদান করেননি; এবং

যেহেতু, রাস্তা ও নর্দমা পরিষ্কার বাবদ পর্যাপ্ত অর্থ ব্যয় করা হলেও একই খাতে ওভারলেপিং করে কঞ্জারভেন্সি শাখায় ৭৮ (আটাত্তর) জন শ্রমিক/কর্মচারীর জন্য পৌর তহবিল হতে বিধি বহির্ভূতভাবে অর্থ ব্যয় করেছেন; এবং

যেহেতু, আপনি বিধি বহির্ভূতভাবে দিনাজপুর পৌরসভার তথা সরকারের বিপুল পরিমাণ অর্থ আত্মসাত ও অপচয় করেছেন; আর্থিক বিধি বিধান লংঘন করে মার্কেট/পুকুর/মহলের ইজারার অর্থ আদায় না করে ইজারাদারদেরকে দখল বুঝিয়ে দিয়েছেন; বিভিন্ন খাতে ভ্যাট বাবদ আদায়কৃত অর্থ সরকারি কোষাগারে জমা প্রদান করেননি। যা অসদাচরণ ও ক্ষমতার অপব্যবহারের সামিল; এবং

যেহেতু, আপনার বিরুদ্ধে আনীত অসদাচরণ ও ক্ষমতার অপব্যবহারের অভিযোগসমূহ যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক তদন্তে প্রমাণিত হয়েছে; যা স্থানীয় সরকার (পৌরসভা) আইন, ২০০৯ এর ধারা ৩২ অনুযায়ী মেয়র পদ হতে অপসারণযোগ্য অপরাধ; এবং

যেহেতু, আপনার দ্বারা পৌরসভার মেয়র এর ক্ষমতা প্রয়োগ পৌরসভার জন্য তথা জনস্বার্থের পরিপন্থি এবং প্রশাসনিক দৃষ্টিকোণ থেকে সমীচীন নয় মর্মে যথাযথ কর্তৃপক্ষের নিকট প্রতীয়মান হয়েছে; এবং

সেহেতু, আপনার বিরুদ্ধে অসদাচরণ ও ক্ষমতার অপব্যবহারের অভিযোগ প্রমাণিত হওয়ায় সরকার আপনাকে সাময়িকভাবে বরখাস্ত করার সিদ্ধান্ত গ্রহণ করেছে।

এমতাবস্থায়, স্থানীয় সরকার (পৌরসভা) আইন, ২০০৯ এর ৩১(১) ধারার বিধান অনুযায়ী দিনাজপুর জেলাধীন দিনাজপুর পৌরসভার মেয়র সৈয়দ জাহাঙ্গীর আলমকে সাময়িকভাবে বরখাস্ত করা হলো।

জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ মাহমুদুল আলম**
উপসচিব।

---

## পৌর-২ শাখা

### প্রজ্ঞাপন

তারিখঃ ০৭ সেপ্টেম্বর ২০১৭ খ্রিঃ

নং ৪৬.০০.০০০০.০৬৪.৩১.১১১.১৫-২১০৯—স্থানীয় সরকার (পৌরসভা) আইন, ২০০৯ এর ৪২(২) ও ৪৩ ধারায় প্রদত্ত ক্ষমতাবলে এ বিভাগের ০৮-০৫-২০০৭ খ্রিঃ তারিখের পৌর-৩/চবি-গ-১৫/২০০০/৩৮৯ নং প্রজ্ঞাপনের অনুবৃত্তিক্রমে সরকার কুমিল্লা জেলার দেবিদ্বার পৌরসভার কার্য সম্পাদনের নিযুক্ত প্রশাসককে সহায়তা দানের জন্য নিম্নোক্ত ১ (এক) জন সদস্যকে ০৮-০৫-২০০৭ তারিখের পৌর-৩/চবি-গ-১৫/২০০০/৩৮৯ নং স্মারকে গঠিত পৌর সহায়তা কমিটিতে অন্তর্ভুক্ত করল:

| | | |
|---|---|---|
| ১। | জনাব মোঃ আবদুল কাদের<br>পিতা-মৃত আবুল কাশেম<br>গ্রাম-মরিচাকান্দা<br>উপজেলা-দেবিদ্বার, কুমিল্লা। | সদস্য |

২। স্থানীয় সরকার (পৌরসভা) আইন ২০০৯ ও সংশ্লিষ্ট বিধি-বিধান অনুযায়ী গঠিত কমিটির সদস্য দেবিদ্বার পৌরসভার সার্বিক কর্মকাণ্ড পরিচালনায় নিযুক্ত প্রশাসককে সহায়তা করবেন।

৩। জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**এ,কে,এম আনিছুজ্জামান**
সহকারী সচিব।

## জনপ্রশাসন মন্ত্রণালয়
## ঊর্ধ্বতন নিয়োগ-২ শাখা

### শোকবার্তা

তারিখ : ০৬ আশ্বিন ১৪২৪/২১ সেপ্টেম্বর ২০১৭

নং ০৫.০০.০০০০.১৩১.০০.০৬৩.১৭-৬৮৬—বাংলাদেশ ক্ষুদ্র ও কুটির শিল্প কর্পোরেশন (বিসিক) এর সচিব (যুগ্ম-সচিব) জনাব মোঃ রফিকুল ইসলাম (পরিচিতি নং-৫৬৩৬) গত ০২-০৯-২০১৭ তারিখ শনিবার সকাল ০৬:১৮ মিনিটে আনোয়ার খান মর্ডান হাসপতাল, ঢাকায় ইন্তেকাল করেছেন (ইন্না লিল্লাহি.................. রাজিউন)।

২। জনাব মোঃ রফিকুল ইসলাম ২২ জুলাই ১৯৬৪ তারিখে ঠাকুরগাঁও জেলায় জন্মগ্রহণ করেন। তিনি ১২ ডিসেম্বর ১৯৯১ তারিখে বিসিএস (প্রশাসন) ক্যাডারে যোগদান করেন। তিনি গত ২৭ নভেম্বর ২০১৬ তারিখে সরকারের যুগ্মসচিব পদে পদোন্নতি লাভ করেন। মৃত্যুর পূর্ব পর্যন্ত তিনি বিভিন্ন পদে দায়িত্ব পালনের ধারাবাহিকতায় সর্বশেষে বাংলাদেশ ক্ষুদ্র ও কুটির শিল্প কর্পোরেশন (বিসিক) এর সচিব হিসেবে কর্মরত ছিলেন।

৩। জনাব মোঃ রফিকুল ইসলাম দীর্ঘ চাকরি জীবনে অত্যন্ত কর্তব্যপরায়ন, দক্ষ, নিষ্ঠাবান ও সদালাপী কর্মকর্তা ছিলেন। মৃত্যুকালে তিনি স্ত্রী, ০২ (দুই) কন্যা ও ০১ (এক) পুত্রসহ আত্নীয়-স্বজন এবং অসংখ্য গুণগ্রাহী রেখে গেছেন।

৪। গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার জনাব মোঃ রফিকুল ইসলাম এর অকাল মৃত্যুতে গভীর শোক প্রকাশসহ তার রুহের মাগফিরাত কামনা করছে এবং মরহুমের পরিবারের প্রতি আন্তরিক সমবেদনা জ্ঞাপন করছে।

**ড. মোঃ মোজাম্মেল হক খান**
সিনিয়র সচিব।

---

## অর্থ মন্ত্রণালয়, অর্থ বিভাগ
## প্রবিধি অনুবিভাগ

### প্রবিধি-১ শাখা

### প্রজ্ঞাপন

তারিখঃ ০৪ আশ্বিন ১৪২৪ বঙ্গাব্দ/১৯ সেপ্টেম্বর ২০১৭ খ্রিস্টাব্দ

নং ০৭.০০.০০০০.১৭১.১৩.০০৪.১৭-৯৭—The General Provident fund Rules, 1979 এর Rule 12 (1) এবং The Contributory Provident fund Rules, 1979 এর Rule 12 এর বিধান অনুসারে ২০১৭-২০১৮ অর্থ বছরের জন্য গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের হিসাবে অন্তর্ভুক্ত সাধারণ ভবিষ্য তহবিল (জিপিএফ) এবং প্রদেয় ভবিষ্য তহবিল (সিপিএফ) এর ইনক্রিমেন্ট (Increment) সুদের হার (Rate of Interest) ১৩.০০% (শতকরা তের)-এ নির্ধারণ করা হলো।

**মোঃ শাহজাহান**
যুগ্মসচিব।

**আর্থিক প্রতিষ্ঠান বিভাগ**
**কেন্দ্রীয় ব্যাংক অধিশাখা**

**প্রজ্ঞাপনসমূহ**

তারিখ: ২১ সেপ্টেম্বর ২০১৭

**নং ৫৩.০০.০০০০.৩১১.১১.০০৮.১৭-৫৬২**—বাংলাদেশ কৃষি ব্যাংক আদেশ, ১৯৭৩ এর ৭ ও ৮ ধারার বিধান অনুযায়ী বাংলাদেশ কৃষি ব্যাংকের পরিচালনা পর্ষদের পরিচালক জনাব মমতাজ আলা-শাকুর-আহমেদ, সাবেক সচিব এর স্থলে সৈয়দ কামরুজ্জামান (মাহবুব), এ্যাডভোকেট, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, ঢাকা-কে পরিচালক হিসেবে পুনরাদেশ না দেয়া পর্যন্ত তবে সর্বোচ্চ ০৩ (তিন) বছর মেয়াদের জন্য নিয়োগ দেয়া হলো।

২। জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

**নং ৫৩.০০.০০০০.৩১১.১১.০৩০.১৭-৫৬৩**—বাংলাদেশ হাউস বিল্ডিং ফাইন্যান্স কর্পোরেশন আদেশ, ১৯৭৩ এর ৭ ও ৮ ধারার প্রদত্ত ক্ষমতাবলে রাজধানী উন্নয়ন কর্তৃপক্ষ (রাজউক) এর সাবেক সদস্য জনাব মোঃ আকতার উজ জামান, অতিরিক্ত সচিব এর স্থলে রাজউকের বর্তমান সদস্য (প্রশাসন ও অর্থ) জনাব ফারুক আহমেদ, অতিরিক্ত সচিব-কে বাংলাদেশ হাউস বিল্ডিং ফাইন্যান্স কর্পোরেশন এর পরিচালনা পর্ষদে পরিচালক হিসেবে পুনরাদেশ না দেয়া পর্যন্ত তবে সর্বোচ্চ ০৩ (তিন) বছর মেয়াদের জন্য নিয়োগ দেয়া হলো।

২। জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

**নং ৫৩.০০.০০০০.৩১১.১১.০২৬.১৭-৫৬৪**—The Insurance Corporations Act, 1973 (Act No. VI of 1973) এর ধারা ৭-এ প্রদত্ত ক্ষমতাবলে জনাব খন্দকার রাশিদুল হক-কে সাধারণ বীমা কর্পোরেশন এর পরিচালনা পর্ষদে পরিচালক হিসেবে পুনরাদেশ না দেয়া পর্যন্ত তবে সর্বোচ্চ ০৩ (তিন) বছর মেয়াদের জন্য পুনঃ নিয়োগ প্রদান করা হলো।

২। জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ রিজওয়ানুল হুদা**
উপসচিব।

---

**আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়**
**আইন ও বিচার বিভাগ**
**বিচার শাখা-১**

**প্রজ্ঞাপন**

তারিখ: ১১ আশ্বিন ১৪২৪ বঙ্গাব্দ/২৬ সেপ্টেম্বর ২০১৭ খ্রিস্টাব্দ

**নং ১০.০০.০০০০.১২৫.২৭.০০৮.১৫-৭১৪**—যেহেতু বাংলাদেশ সুপ্রীম কোর্টের সাথে পরামর্শক্রমে সাতক্ষীরা জজশীপের সাবেক সহকারী জজ বর্তমানে রাজশাহী জজশীপের একই পদে কর্মরত জনাব সুব্রত মল্লিক এর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর বিধি ৩(বি) অনুযায়ী 'অসদাচরণ'র অভিযোগে বিভাগীয় মোকদ্দমা নং ০১/২০১৫ দায়ের করা হয়;

যেহেতু, বিভাগীয় মোকদ্দমা নং ০১/২০১৫ এর তদন্তকারী কর্মকর্তার তদন্ত প্রতিবেদনে অভিযুক্ত কর্মকর্তা জনাব সুব্রত মল্লিক এর বিরুদ্ধে আনীত 'অসদাচরণ' এর অভিযোগ সন্দেহাতীত ভাবে প্রমাণিত হওয়া সত্ত্বেও নবীন কর্মকর্তা বিবেচনায় সরকার তাঁকে গুরুদণ্ড প্রদান না করে লঘুদণ্ড হিসেবে সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ বিধি ৪(২) অনুযায়ী **"০৫ (পাঁচ) বছরের জন্য তাঁর পদোন্নতি স্থগিত রাখার"** সিদ্ধান্ত গ্রহণ করতঃ বাংলাদেশ সুপ্রীম কোর্টে প্রস্তাব প্রেরণ করলে বাংলাদেশ সুপ্রীম কোর্ট সরকারের প্রস্তাবের সাথে একমত পোষণ না করে তাঁকে ভবিষ্যতের জন্য সতর্ক করে আনীত অভিযোগের দায় হতে অব্যাহতি প্রদানের পরামর্শ প্রদান করে।

সেহেতু, বাংলাদেশ সুপ্রীম কোর্টের পরামর্শের আলোকে অভিযুক্ত কর্মকর্তা সাতক্ষীরা জজশীপের সাবেক সহকারী জজ বর্তমানে রাজশাহী জজশীপের একই পদে কর্মরত জনাব সুব্রত মল্লিক-কে ভবিষ্যতের জন্য সতর্ক করে বিভাগীয় মোকদ্দমা নং ০১/২০১৫ এর আনীত অভিযোগ হতে অব্যাহতি প্রদান করা হলো।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**আবু সালেহ শেখ মোঃ জহিরুল হক**
সচিব।

---

**বিচার শাখা-৭**

**আদেশ**

তারিখ: ০৭ সেপ্টেম্বর ২০১৭ খ্রিঃ

**নং বিচার-৭/২এন-১৭/২০১২-৭৫৪**—মুসলিম বিবাহ ও তালাক (নিবন্ধন) আইন, ১৯৭৪ (১৯৭৪ সনের ৫২ নং আইন) এর ৪ ধারার প্রদত্ত ক্ষমতাবলে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার সন্তুষ্ট হইয়া আপনাকে (জনাব মাহমুদুল হাসান, পিতা-আবুল কালাম, মাতা-সোহাগী বেগম, গ্রাম-সাতানী মথুরাদী, ডাকঘর-শ্রীবরদী, উপজেলা-শ্রীবরদী, জেলা-শেরপুর) এই আইন ও উহার অধীন প্রণীত বিধি দ্বারা নির্ধারিত পদ্ধতিতে শেরপুর জেলার শ্রীবরদী পৌরসভার জন্য বিবাহ ও তালাক সংশ্লিষ্ট ব্যক্তি কর্তৃক মৌখিক বা লিখিত আবেদনের প্রেক্ষিতে উক্ত বিবাহ ও তালাক নিবন্ধনের ক্ষমতা প্রদান করিল।

২। এই আইন ও উহার অধীন প্রণীত বিধিমালার বিধানসমূহ যথাযথভাবে প্রতিপালন করা আপনার দায়িত্ব হইবে।

৩। সরকার বাতিল বা স্থগিত না করা পর্যন্ত অথবা লাইসেন্সধারী ব্যক্তির বয়স ৬৭ (সাতষট্টি) বৎসর না হওয়া পর্যন্ত এই লাইসেন্স বলবৎ থাকিবে ঃ

তবে শর্ত থাকে যে, সরকার যে কোন সময় লাইসেন্সধারী ব্যক্তির উক্ত বয়স পুনঃনির্ধারণ করিতে পারিবে।

উল্লেখ্য, বর্ণিত বিষয়ে কোন উপযুক্ত আদালতের কোনরূপ নিষেধাজ্ঞা বা স্থগিতাদেশ থাকিলে এই নিয়োগ আদেশ স্থগিত বলিয়া গণ্য হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ আনোয়ারুল হক**
সিনিয়র সহকারী সচিব।

### আদেশ

তারিখ: ২৬ সেপ্টেম্বর ২০১৭ খ্রিঃ

নং **বিচার-৭/২এন-০৬/২০০৫-৮২৬**—মুসলিম বিবাহ ও তালাক (নিবন্ধন) আইন, ১৯৭৪ (১৯৭৪ সনের ৫২ নং আইন) এর ৪ ধারার প্রদত্ত ক্ষমতাবলে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার সন্তুষ্ট হইয়া আপনাকে (জনাব মুহাম্মদ ইউছুফ, পিতা-এ, কে এম শামছুল হক, মাতা-খাদিজা বেগম, হোল্ডিং নং-৬৪২, রাজাশাহ্ ফকির বাড়ী, গ্রাম-টংগীর পাড়, ১০ নং ছনুয়া আদর্শ ইউনিয়ন, উপজেলা-ফেনী সদর, জেলা-ফেনী) এই আইন ও উহার অধীন প্রণীত বিধি দ্বারা নির্ধারিত পদ্ধতিতে ফেনী জেলার সদর উপজেলার ১০ নং ছনুয়া ইউনিয়নের জন্য বিবাহ ও তালাক সংশ্লিষ্ট ব্যক্তি কর্তৃক মৌখিক বা লিখিত আবেদনের প্রেক্ষিতে উক্ত বিবাহ ও তালাক নিবন্ধনের ক্ষমতা প্রদান করিল।

২। এই আইন ও উহার অধীন প্রণীত বিধিমালার বিধানসমূহ যথাযথভাবে প্রতিপালন করা আপনার দায়িত্ব হইবে।

৩। সরকার বাতিল বা স্থগিত না করা পর্যন্ত অথবা লাইসেন্সধারী ব্যক্তির বয়স ৬৭ (সাতষট্টি) বৎসর না হওয়া পর্যন্ত এই লাইসেন্স বলবৎ থাকিবে ঃ

তবে শর্ত থাকে যে, সরকার যে কোন সময় লাইসেন্সধারী ব্যক্তির উক্ত বয়স পুনঃনির্ধারণ করিতে পারিবে।

উল্লেখ্য, বর্ণিত বিষয়ে কোন উপযুক্ত আদালতের কোনরূপ স্থগিতাদেশ/নিষেধাজ্ঞা/স্থিতিবস্থা থাকিলে এই নিয়োগ আদেশ স্থগিত বলিয়া গণ্য হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**জি, এম, নাজমুছ শাহাদাৎ**
সিনিয়র সহকারী সচিব।

---

### যুব ও ক্রীড়া মন্ত্রণালয়
### ক্রীড়া-১ শাখা

### প্রজ্ঞাপন

তারিখ: ১১ আশ্বিন, ১৪২৪/২৬ সেপ্টেম্বর, ২০১৭

নং **৩৪.০০.০০০০.০৭১.০১১.১৩১.২০১১-৫৬৮**—জাতীয় ক্রীড়া পরিষদ আইন, ১৯৭৪ (হালনাগাদ সংশোধিত) এর ২০ ধারার প্রদত্ত ক্ষমতাবলে সরকার কর্তৃক জনাব এম শোয়েব চৌধুরী-কে বাংলাদেশ ফেন্সিং এসোসিয়েশনের সভাপতি পদে নিয়োগ প্রদান করা হলো।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**হোসনা আফরোজা**
সিনিয়র সহকারী সচিব।

---

### ভূমি মন্ত্রণালয়
### জরিপ শাখা-২

### বিজ্ঞপ্তিসমূহ

তারিখ: ০৬ আশ্বিন ১৪২৪ বঙ্গাব্দ/২১ সেপ্টেম্বর ২০১৭ খ্রিস্টাব্দ

নং **৩১.০০.০০০০.০৪৯.৩৬.০১৩.১৫-১৮৪**—১৯৫৫ সনের প্রজাস্বত্ব বিধিমালার ৩৪(২) বিধি মোতাবেক বাংলাদেশ সরকার কর্তৃক এই মর্মে ঘোষণা করা যাচ্ছে যে, ১৯৫০ সনের রাষ্ট্রীয় অধিগ্রহণ ও প্রজাস্বত্ব আইন (১৯৫১ সনের ২৮ নং আইন) এর ১৪৪ ধারার ৭ নং উপধারা মোতাবেক নিম্নবর্ণিত মৌজাসমূহের স্বত্বলিপি চূড়ান্তভাবে প্রকাশ করা হয়েছে।

| ক্রমিক | মৌজার নাম | জে এল নং | উপজেলার নাম | জেলার নাম |
|---|---|---|---|---|
| ১ | চাগাচর | ৩২ | চন্দনাইশ | চট্টগ্রাম |
| ২ | বশরত নগর | ২৮ | চন্দনাইশ | চট্টগ্রাম |
| ৩ | কামালদিয়ার | ১৫৬ | বাঘা | রাজশাহী |
| ৪ | কালিদাসখালী | ১৭৯ | বাঘা | রাজশাহী |
| ৫ | চৌমাদিয়া | ১৬৯ | বাঘা | রাজশাহী |
| ৬ | খারিজাগাতী | ৩১৭ | গোদাগাড়ী | রাজশাহী |
| ৭ | মোহরকয়া | ৩৬ | লালপুর | নাটোর |
| ৮ | হাটপাঙ্গাসী | ১৭৯ | রায়গঞ্জ | সিরাজগঞ্জ |
| ৯ | চরদোতরা | ৮৬ | কাজীপুর | সিরাজগঞ্জ |

নং **৩১.০৩৬.৩৩.০০০০.১৬৩.২০১০-১৮৫**—১৯৫৫ সনের প্রজাস্বত্ব বিধিমালার ৩৪(২) বিধি মোতাবেক বাংলাদেশ সরকার কর্তৃক এই মর্মে ঘোষণা করা যাচ্ছে যে, ১৯৫০ সনের রাষ্ট্রীয় অধিগ্রহণ ও প্রজাস্বত্ব আইন (১৯৫১ সনের ২৮ নং আইন) এর ১৪৪ ধারার ৭ নং উপধারা মোতাবেক সংশোধিত আকারে নিম্নবর্ণিত মৌজার স্বত্বলিপি চূড়ান্তভাবে প্রকাশ করা হয়েছে।

| ক্রমিক | মৌজার নাম | জে এল নং | উপজেলার নাম | জেলার নাম |
|---|---|---|---|---|
| ১ | চতিলা | ৪৮ | ঘাটাইল | টাংগাইল |
| ২ | ফতেরপাড়া | ৫০ | ঘাটাইল | টাংগাইল |
| ৩ | পুখুরিয়া নিকরাইল | ১৯ | কালিহাতী | টাংগাইল |

নং ৩১.০০.০০০০.০৪৯.০০৬.১৬-১৮৬—১৯৫৫ সনের প্রজাস্বত্ব বিধিমালার ৩৪(২) বিধি মোতাবেক বাংলাদেশ সরকার কর্তৃক এই মর্মে ঘোষণা করা যাচ্ছে যে, ১৯৫০ সনের রাষ্ট্রীয় অধিগ্রহণ ও প্রজাস্বত্ব আইন (১৯৫১ সনের ২৮ নং আইন) এর ১৪৪ ধারার ৭ নং উপধারা মোতাবেক সংশোধিত আকারে নিম্নবর্ণিত মৌজার স্বত্বলিপি চূড়ান্তভাবে প্রকাশ করা হয়েছে।

| ক্রমিক | মৌজার নাম | জে এল নং | উপজেলার নাম | জেলার নাম |
|---|---|---|---|---|
| ১ | চর বলাশিয়া | ৬৬ | সদরপুর | ফরিদপুর |
| ২ | পাটগাতি | ২৬ | টুংগীপাড়া | গোপালগঞ্জ |

নং ৩১.০০.০০০০.০৪৯.৩৬.১১২.১০-১৮৭—১৯৫৫ সনের প্রজাস্বত্ব বিধিমালার ৩৪(২) বিধি মোতাবেক বাংলাদেশ সরকার কর্তৃক এই মর্মে ঘোষণা করা যাচ্ছে যে, ১৯৫০ সনের রাষ্ট্রীয় অধিগ্রহণ ও প্রজাস্বত্ব আইন (১৯৫১ সনের ২৮ নং আইন) এর ১৪৪ ধারার ৭ নং উপধারা মোতাবেক নিম্নবর্ণিত মৌজাসমূহের স্বত্বলিপি চূড়ান্তভাবে প্রকাশ করা হয়েছে।

| ক্রমিক | মৌজার নাম | জে এল নং | উপজেলার নাম | জেলার নাম |
|---|---|---|---|---|
| ১ | খলিসাটোলা | ০৩ | নোয়াখালী সদর | নোয়াখালী |
| ২ | চাড়ু বানু | ৩৫ | নোয়াখালী সদর | নোয়াখালী |
| ৩ | নন্দনপুর | ৩৯ | নোয়াখালী সদর | নোয়াখালী |
| ৪ | গোপীনাথপুর | ৬৮ | নোয়াখালী সদর | নোয়াখালী |
| ৫ | উত্তর আলিপুর | ২০৩ | নোয়াখালী সদর | নোয়াখালী |
| ৬ | বুহিতিয়া | ৬৬ | ফেনী সদর | ফেনী |
| ৭ | ফরহাদনগর | ১২৯ | ফেনী সদর | ফেনী |

নং ৩১.০০.০০০০.০৪৯.৩৩.০০৯.১৭-১৮৮—১৯৫৫ সনের প্রজাস্বত্ব বিধিমালার ৩৪(২) বিধি মোতাবেক বাংলাদেশ সরকার কর্তৃক এই মর্মে ঘোষণা করা যাচ্ছে যে, ১৯৫০ সনের রাষ্ট্রীয় অধিগ্রহণ ও প্রজাস্বত্ব আইন (১৯৫১ সনের ২৮ নং আইন) এর ১৪৪ ধারার ৭ নং উপধারা মোতাবেক নিম্নবর্ণিত মৌজাসমূহের স্বত্বলিপি চূড়ান্তভাবে প্রকাশ করা হয়েছে।

| ক্রমিক | মৌজার নাম | জে এল নং | উপজেলার নাম | জেলার নাম | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| ১ | ছোটরা | ৯৩ | কুমিল্লা সদর | কুমিল্লা | মহামান্য হাইকোর্ট বিভাগে ৪৫৩৩/১০, ৪৫৯৮/১৪ ও ১০১৭২/১৫ নং রীট দায়ের থাকায় রীট সংশ্লিষ্ট ৪৬৩, ৬৪৪, ১৫০, ১২৪১, ৪০৪, ১২৭৬, ১৫৫১ ও ১৫৭৫ নং খতিয়ান ব্যতিত। |
| ২ | বজ্রপুর | ১৫৭ | কুমিল্লা সদর | কুমিল্লা | |
| ৩ | ডুমুরিয়া চান্দপুর | ১৬৪ | কুমিল্লা সদর | কুমিল্লা | মহামান্য হাইকোর্ট বিভাগে ৫৪৭৪/১৬ ও ৫২৬৮/১৬ নং রীট দায়ের থাকায় রীট সংশ্লিষ্ট ২, ৭০, ১১১, ১৪০, ১০০৭ ও ১০১৫ নং খতিয়ান ব্যতিত। |
| ৪ | দেবীদ্বার | ৪৯ | দেবিদ্বার | কুমিল্লা | মহামান্য হাইকোর্ট বিভাগে ৬৬২৬/০৯ নং রীট দায়ের থাকায় রীট সংশ্লিষ্ট ১৬৯২ ও ২৯৪৯ নং খতিয়ান ব্যতিত। |
| ৫ | মাতাইনকোট | ৬১ | লাকসাম | কুমিল্লা | |
| ৬ | মাঘের কলমিয়া | ৭৯ | লাকসাম | কুমিল্লা | |
| ৭ | ভূলাইন | ১০৫ | লাকসাম | কুমিল্লা | |
| ৮ | রায়দুয়ার | ১৬৭ | লাকসাম | কুমিল্লা | |
| ৯ | ছোট ইছাপুর | ১৭৭ | লাকসাম | কুমিল্লা | |
| ১০ | কালোরা | ১৮৯ | লাকসাম | কুমিল্লা | |
| ১১ | ডুরিয়া বিষ্ণুপুর | ২০০ | লাকসাম | কুমিল্লা | |
| ১২ | আমতলী | ২৫৬ | লাকসাম | কুমিল্লা | |
| ১৩ | পশ্চিম শ্রীপুর | ২৫৭ | লাকসাম | কুমিল্লা | |
| ১৪ | হামিরাবাগ | ২৬৪ | লাকসাম | কুমিল্লা | |
| ১৫ | খনাতুয়া | ২৭৬ | লাকসাম | কুমিল্লা | |
| ১৬ | মেরুয়া | ২৭৭ | লাকসাম | কুমিল্লা | |
| ১৭ | শিবাখলা | ২৭৯ | লাকসাম | কুমিল্লা | |

| ক্রমিক | মৌজার নাম | জে এল নং | উপজেলার নাম | জেলার নাম | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| ১৮ | পুহনকুচা | ৩৭ | লাকসাম | কুমিল্লা | |
| ১৯ | পূর্ব্ব জগৎপুর | ১২১ | লাকসাম | কুমিল্লা | |
| ২০ | পূর্ব্ব ডুমুরুয়া | ২৬৭ | লাকসাম | কুমিল্লা | |
| ২১ | শ্রীরামপুর | ২৭১ | লাকসাম | কুমিল্লা | |
| ২২ | তারাপাইয়া | ২৮১ | লাকসাম | কুমিল্লা | |
| ২৩ | মহম্মদপুর | ২৮২ | লাকসাম | কুমিল্লা | |
| ২৪ | ফুলগাঁও | ৩০৪ | লাকসাম | কুমিল্লা | |
| ২৫ | পেচ্‌রা | ৩০৫ | লাকসাম | কুমিল্লা | |
| ২৬ | পূর্ব্ব শাহাপুর | ৩০৯ | লাকসাম | কুমিল্লা | |
| ২৭ | পাওতলী | ৩১২ | লাকসাম | কুমিল্লা | |
| ২৮ | দক্ষিণ আশকামতা | ৩১৫ | লাকসাম | কুমিল্লা | |
| ২৯ | নারীদিয়া | ৩২৮ | লাকসাম | কুমিল্লা | |
| ৩০ | মেল্লা | ৩৩৬ | লাকসাম | কুমিল্লা | |
| ৩১ | সিকচাইল | ৩৩৮ | লাকসাম | কুমিল্লা | |
| ৩২ | সালেপুর | ৩৫৬ | লাকসাম | কুমিল্লা | |
| ৩৩ | গোয়ালিয়ারা | ৩৬১ | লাকসাম | কুমিল্লা | |
| ৩৪ | রশিদপুর | ৩৬২ | লাকসাম | কুমিল্লা | |
| ৩৫ | পশ্চিম ডুমুরুয়া | ৩৮৫ | লাকসাম | কুমিল্লা | |
| ৩৬ | কাসৈ | ৩৯৮ | লাকসাম | কুমিল্লা | |
| ৩৭ | নরপাইয়া | ৩৯৯ | লাকসাম | কুমিল্লা | |
| ৩৮ | আলীনকিপুর | ৪০২ | লাকসাম | কুমিল্লা | |
| ৩৯ | মনিপুর | ৪০৬ | লাকসাম | কুমিল্লা | |
| ৪০ | চিলুয়া | ৪১৩ | লাকসাম | কুমিল্লা | |
| ৪১ | দক্ষিণ শ্রীপুর | ৪১৭ | লাকসাম | কুমিল্লা | |
| ৪২ | উদাইশ | ৪২১ | লাকসাম | কুমিল্লা | |
| ৪৩ | কেয়ারী | ৪২২ | লাকসাম | কুমিল্লা | |
| ৪৪ | দক্ষিণ দুর্গাপুর | ৪২৬ | লাকসাম | কুমিল্লা | |
| ৪৫ | বেতীয়াপাড়া | ৪২৮ | লাকসাম | কুমিল্লা | |
| ৪৬ | মরারচর | ১৪ | চাঁদপুর সদর | চাঁদপুর | |
| ৪৭ | টোরাগর | ৮১ | হাজীগঞ্জ | চাঁদপুর | |
| ৪৮ | মকিমাবাদ | ৮৩ | হাজীগঞ্জ | চাঁদপুর | |
| ৪৯ | শ্রীপুর | ২৪১ | ব্রাক্ষ্মণবাড়ীয়া সদর | ব্রাক্ষ্মণবাড়ীয়া | |
| ৫০ | চান্দুরা | ১৬২ | ব্রাক্ষ্মণবাড়ীয়া সদর | ব্রাক্ষ্মণবাড়ীয়া | |
| ৫১ | উলচাপাড়া | ২৮০ | ব্রাক্ষ্মণবাড়ীয়া সদর | ব্রাক্ষ্মণবাড়ীয়া | |
| ৫২ | আটলা | ২৬৫ | ব্রাক্ষ্মণবাড়ীয়া সদর | ব্রাক্ষ্মণবাড়ীয়া | |
| ৫৩ | চিলোকুট | ৩০৮ | ব্রাক্ষ্মণবাড়ীয়া সদর | ব্রাক্ষ্মণবাড়ীয়া | |
| ৫৪ | আহরন্দ | ২৯২ | ব্রাক্ষ্মণবাড়ীয়া সদর | ব্রাক্ষ্মণবাড়ীয়া | |
| ৫৫ | পশ্চিম ইছাপুর | ২৪৭ | ব্রাক্ষ্মণবাড়ীয়া সদর | ব্রাক্ষ্মণবাড়ীয়া | |
| ৫৬ | নাছিরপুর | ৩৯ | নাছিরনগর | ব্রাক্ষ্মণবাড়ীয়া | |
| ৫৭ | খান্দুরা | ৮০ | নাছিরনগর | ব্রাক্ষ্মণবাড়ীয়া | |
| ৫৮ | সবিয়া রামপুর | ৪৫ | নাছিরনগর | ব্রাক্ষ্মণবাড়ীয়া | |
| ৫৯ | কোটাল কান্দি | ০৭ | নাছিরনগর | ব্রাক্ষ্মণবাড়ীয়া | |
| ৬০ | গোকর্ণ | ৩৪ | নাছিরনগর | ব্রাক্ষ্মণবাড়ীয়া | |

নং ৩১.০০.০০০০.০৪৯.৩৩.০১৩.১৭-১৯০—১৯৫৫ সনের প্রজাস্বত্ব বিধিমালার ৩৪(২) বিধি মোতাবেক বাংলাদেশ সরকার কর্তৃক এই মর্মে ঘোষণা করা যাচ্ছে যে, ১৯৫০ সনের রাষ্ট্রীয় অধিগ্রহণ ও প্রজাস্বত্ব আইন (১৯৫১ সনের ২৮ নং আইন) এর ১৪৪ ধারার ৭ নং উপধারা মোতাবেক নিম্নবর্ণিত মৌজাসমূহের স্বত্বলিপি চূড়ান্তভাবে প্রকাশ করা হয়েছে।

| ক্রমিক | মৌজার নাম | জে এল নং | উপজেলার নাম | জেলার নাম |
|---|---|---|---|---|
| ১ | সাদারবাড়ী | ৭৫ | জামালপুর সদর | জামালপুর |
| ২ | জঙ্গালপাড়া | ২৬ | জামালপুর সদর | জামালপুর |
| ৩ | কালিজানী | ৭৭ | জামালপুর সদর | জামালপুর |
| ৪ | ইদিলপুর | ৩৪ | জামালপুর সদর | জামালপুর |
| ৫ | মাটিয়াজানী | ৭৮ | জামালপুর সদর | জামালপুর |
| ৬ | বীর ফুলারপাড়া | ৯৪ | জামালপুর সদর | জামালপুর |
| ৭ | বারুয়ামারী | ১৭৭ | জামালপুর সদর | জামালপুর |
| ৮ | বীর মল্লিকপুর | ৯৩ | জামালপুর সদর | জামালপুর |
| ৯ | বীর ফুলবাড়ী | ৮৫ | জামালপুর সদর | জামালপুর |
| ১০ | কৃষ্ণচরণপুর | ৩৬ | জামালপুর সদর | জামালপুর |

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ রফিকুল ইসলাম**
যুগ্মসচিব।

---

**অধিশাখা-২ (মাঠ প্রশাসন)**

**আদেশ**

তারিখ: ১৩ আগস্ট ২০১৭

নং ৩১.০০.০০০০.০৪৬.৬৮.০৬১.১২(অংশ-২).৬৩২—নির্দেশিত হয়ে মন্ত্রিপরিষদ বিভাগের ০৬-১২-২০১২ তারিখে ০৪.৫১২.০৮২.০০.০০.০০৪.২০১০-৩০০ নং স্মারকের মাধ্যমে উক্ত বিভাগের ২৯-০১-১৯৮৪ তারিখের CD/DA-III/10(1)/84-15 নম্বর স্মারক অনুযায়ী পটুয়াখালী জেলা শ্রেণি-II হতে শ্রেণি-I জেলায় উন্নীত হয়েছে মর্মে জানানো হয়। জনপ্রশাসন মন্ত্রণালয়ের সওব্য-৭ অধিশাখার ১৯-০৫-২০১৫ তারিখের ০৫.১৫৬.০১৫.০৩.০০.০০৩.২০১৫-১২১ নং স্মারক, অর্থ বিভাগের ব্যয় নিয়ন্ত্রণ অধিশাখা-২ এর ০৩-০৯-২০১৫ তারিখের অম/অবি/ব্যনি-২/ভূমি-০১/অংশ-১/২০১২/৪৫ নং স্মারক ও ১৬-০৫-২০১৭ তারিখের অম/অবি/ব্যনি-২/ভূমি-০১/অংশ-১/২০১২-৩১৩ নং স্মারক, অর্থ বিভাগের বাস্তবায়ন অনুবিভাগ, বাস্তবায়ন-১ অধিশাখার ১৪-১২-২০১৫ তারিখের ০৭.০০.০০০০.১৬১.৩১.০০৬.১২-৩১৭ নং স্মারক, ০৪-০৮-২০১৬ তারিখের ০৭.০০.০০০০.১৬১.৩১.০০৬.১২-১৭৫ নং স্মারক, ০২-০৭-২০১৭ তারিখের ০৭.০০.০০০০.১৬১.৩১.০০৬.১২-১২৩ নং স্মারক এবং মন্ত্রিপরিষদ বিভাগের ১২-১২-২০১৬ তারিখের ০৪.০০.০০০০.৭১১.০৬.০১৯.১৬-৬২১ নং স্মারকের মাধ্যমে ২৪ অগ্রহায়ণ ১৪২৩/০৮ ডিসেম্বর ২০১৬ তারিখে অনুষ্ঠিত প্রশাসনিক উন্নয়ন সংক্রান্ত সচিব কমিটির ১৯শ সভার সিদ্ধান্ত মোতোবেক পটুয়াখালী জেলার রাজস্ব প্রশাসনে নিম্নবর্ণিত পদসমূহ আগামী ৩১-০৫-২০১৮ তারিখ পর্যন্ত অস্থায়ীভাবে সৃজনে নিম্নবর্ণিত শর্তে সরকারি মঞ্জুরি জ্ঞাপন করছি :—

| ক্রমিক নং | পদের নাম ও পদসংখ্যা | বাস্তবায়ন অনুবিভাগ কর্তৃক নির্ধারিত বেতনস্কেল, ২০১৫ অনুযায়ী | নিয়োগযোগ্যতার শর্ত/ভিত্তি |
|---|---|---|---|
| ০১ | অতিরিক্ত ভূমি অধিগ্রহণ কর্মকর্তা ০১ (এক)টি | টাঃ ২২০০০—৫৩০৬০/ (গ্রেড-৯) | **নিয়োগের যোগ্যতা:** ভূমি হুকুম দখল অফিসের কর্মকর্তা ও কর্মচারী নিয়োগ বিধিমালা, ১৯৯০ অনুযায়ী পদ পূরণযোগ্য। |
| ০২ | কানুনগো ০১ (এক)টি | টাঃ ১৬০০০—৩৮৬৪০/ (গ্রেড-১০) | **নিয়োগের যোগ্যতা:** অর্থ বিভাগের ১৪-০১-২০১০ তারিখের অম/অবি(বাস্ত-১)/ভূমি-১৮/২০০৬/১৪ নং স্মারকের শর্ত অনুযায়ী পদ পূরণযোগ্য। |
| ০৩ | সার্ভেয়ার ০২ (দুই)টি | টাঃ ১০২০০—২৪৬৮০/ (গ্রেড-১৪) | **নিয়োগের যোগ্যতা:** ভূমি হুকুম দখল অফিসের কর্মকর্তা ও কর্মচারী নিয়োগ বিধিমালা, ১৯৯০ অনুযায়ী পদ পূরণযোগ্য। |
| ০৪ | কার্যসহকারী ০১ (এক)টি | টাঃ ৮৮০০—২১৩১০/ (গ্রেড-১৮) | **নিয়োগের যোগ্যতা:** The Non-Gazetted Technical Posts (State Acquisition Department, Recruitment Rules, 1985, অনুযায়ী পদ পূরণযোগ্য। |
| | | আউটসোর্সিং নীতিমালা অনুযায়ী | |
| ০৫ | প্রসেস সার্ভার ০১ (এক)টি | টাঃ ১৪,৭০০/ (মাসিক ন্যূনতম সেবামূল্য) | আউটসোর্সিং নীতিমালা, ২০০৮ অনুযায়ী পদপূরণযোগ্য। |
| ০৬ | চেইনম্যান ০৪ (চার)টি | টাঃ ১৪,৪৫০/ (মাসিক ন্যূনতম সেবামূল্য) | |
| ০৭ | অফিস সহায়ক ০৪ (চার)টি | | |

২। উল্লিখিত পদগুলোর বেতন ও ভাতা ২০১৭-২০১৮ অর্থ বছরের বাজেট হতে নির্বাহ করা হবে।

৩। ইহাতে ভূমি মন্ত্রণালয়ের দায়িত্বে নিয়োজিত মাননীয় মন্ত্রীর সদয় সম্মতি রয়েছে।

৪। সকল আনুষ্ঠানিকতা পালনপূর্বক যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে জি.ও জারি করা হলো।

**মোঃ মনিরুজ্জামান মিঞা**
উপসচিব।

**তথ্য মন্ত্রণালয়**
**চলচ্চিত্র অধিশাখা**

**প্রজ্ঞাপনসমূহ**

তারিখ: ১২ আশ্বিন, ১৪২৪/২৭ সেপ্টেম্বর, ২০১৭

**নং ১৫.০০.০০০০.০২৭.২৭.০০৩.১৭-৪৮৪**—জনাব মোঃ মাহবুবুর রশিদ, প্রযোজক, হিসাম মাল্টিমিডিয়া প্রোডাকশন, ৭৩, কাকরাইল, ইস্টার্ণ কমার্শিয়াল কমপ্লেক্স, ঢাকা কর্তৃক নির্মিত **'ধূসর কুয়াশা'** নামক চলচ্চিত্রটি The Censorship of Films Act, 1963 (Amendment, 2006) এর 4B(1) ধারা লংঘন করে আপিল আবেদন দাখিল করায় তা নাকচ করা হলো।

২। আপিল আবেদন নাকচ হওয়ার কারণে উক্ত চলচ্চিত্রটি একটি সনদপত্রহীন চলচ্চিত্র হিসেবে বিবেচিত হবে এবং সমগ্র বাংলাদেশে উক্ত চলচ্চিত্রের প্রদর্শনী নিষিদ্ধ করা হলো।

৩। এ চলচ্চিত্র কোথাও প্রদর্শিত হলে চলচ্চিত্রটি বাজেয়াপ্তকরণসহ সংশ্লিষ্টদের বিরুদ্ধে আইনগতভাবে ব্যবস্থা গ্রহণ করা হবে।

৪। এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

**নং ১৫.০০.০০০০.০২৭.২৭.০০৩.১৭-৪৮৩**—জনাব হারুন উজ্জামান, প্রযোজক, নদী ফিল্ম প্রোডাকশন, ভূইয়া ম্যানসন, ৭৪, কাকরাইল, ঢাকা কর্তৃক নির্মিত **'শরণার্থী'** নামক চলচ্চিত্রটি The Censorship of Films Act, 1963 (Amendment, 2006) এর 4B(1) ধারা লংঘন করে আপিল আবেদন দাখিল করায় তা নাকচ করা হলো।

২। আপিল আবেদন নাকচ হওয়ার কারণে উক্ত চলচ্চিত্রটি একটি সনদপত্রহীন চলচ্চিত্র হিসেবে বিবেচিত হবে এবং সমগ্র বাংলাদেশে উক্ত চলচ্চিত্রের প্রদর্শনী নিষিদ্ধ করা হলো।

৩। এ চলচ্চিত্র কোথাও প্রদর্শিত হলে চলচ্চিত্রটি বাজেয়াপ্তকরণসহ সংশ্লিষ্টদের বিরুদ্ধে আইনগতভাবে ব্যবস্থা গ্রহণ করা হবে।

৪। এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

তারিখ: ০৩ আশ্বিন ১৪২৪/১৮ সেপ্টেম্বর ২০১৭

**নং ১৫.০০.০০০০.০২৭.২৩.০০২.১৭-৪৬৮**—২০১৬ সালের জাতীয় চলচ্চিত্র পুরস্কার প্রদানের উদ্দেশ্যে নীতিমালা অনুযায়ী ২০১৬ সালে মুক্তিপ্রাপ্ত চলচ্চিত্রগুলো মূল্যায়ন করে পুরস্কার প্রাপকদের নাম সুপারিশ করার জন্য নিম্নলিখিত সদস্যদের সমন্বয়ে জুরি বোর্ড গঠন করা হলো :

**সভাপতি**

১. জনাব মোঃ মনজুরুর রহমান, অতিরিক্ত সচিব (প্রশাসন ও চলচ্চিত্র), তথ্য মন্ত্রণালয়, ঢাকা।

**সদস্যবৃন্দ**

২. একজন যুগ্মসচিব, তথ্য মন্ত্রণালয়, ঢাকা।

৩. অধ্যাপক ড. শফিউল আলম ভূঁইয়া, চেয়ারম্যান, ডিপার্টমেন্ট অব টেলিভিশন এন্ড ফিল্ম স্টাডিজ, ঢাকা বিশ্ববিদ্যালয়, ঢাকা।

৪. জনাব মতিন রহমান, চলচ্চিত্র পরিচালক, ইয়া আল্লাহু, ১২/১৩ ইকবাল রোড (১ম তলা), মোহাম্মদপুর, ঢাকা।

৫. জনাব সুজেয় শ্যাম, সংগীত পরিচালক, বাসা নং-৬৪ (৩য় তলা), ব্লক-এ, রোড-৬, পল্লবী, মিরপুর-১২, ঢাকা।

৬. জনাব পংকজ পালিত, চিত্রগ্রাহক, হাউজ ও প্লট-৪০, ফ্ল্যাট-৭/বি, রোড-০১, শেখের টেক, পিসি কালচার সোসাইটি, আদাবর, মোহাম্মদপুর, ঢাকা-১২০৭।

৭. জনাব এম এ আলমগীর, চলচ্চিত্র অভিনেতা, ড্রীম, ২/৪, ব্লক-এ, মোহাম্মদপুর হাউজিং, মিরপুর রোড, ঢাকা।

৮. জনাব মোহাম্মদ খুরশীদ আলম, বিশিষ্ট সংগীত শিল্পী, ১৯৩, এলিফ্যান্ট রোড, মুহিবা মঞ্জিল, ফ্ল্যাট-এ-৩, ঢাকা-১২০৫।

৯. জনাব কেরামত মওলা, শিল্প নির্দেশক, ৮/ই/২, বেইলী হাইট, ২নং নওরতন কলোনী, নিউ বেইলী রোড, ঢাকা।

১০. অধ্যাপক মইনুদ্দীন খালেদ, চারুকলা ইনস্টিটিউট, ঢাকা বিশ্ববিদ্যালয়, বাসাঃ প্যারাডাইস, ফ্ল্যাট এ-৪, ২৩/৯, খিলজি রোড, শ্যামলী, ঢাকা-১২০৭।

১১. জনাব আবু মুসা দেবু, বিশিষ্ট চিত্র সম্পাদক, ৩৬৫-৮ (৫ম তলা), পশ্চিম শেওড়াপাড়া, ঢাকা।

১২. জনাব সুবর্ণা মোস্তফা, বিশিষ্ট চলচ্চিত্র অভিনেত্রী, হাউজ নং-৩, রোড নং ৩/এ, ফ্ল্যাট নং ১ ও ২, সেক্টর ৫, উত্তরা, ঢাকা।

**সদস্য-সচিব**

১৩. ভাইস চেয়ারম্যান, বাংলাদেশ চলচ্চিত্র সেন্সর বোর্ড, ঢাকা।

২। জুরি বোর্ডের কার্যপরিধি নিম্নরূপ :

(০১) জুরি বোর্ড ২০১৬ সালে মুক্তিপ্রাপ্ত চলচ্চিত্র দেখে পুরস্কারের জন্য চলচ্চিত্র, শিল্পী ও কলা-কুশলী

(০২) জুরি বোর্ড গঠনের পর বোর্ড পুরস্কারের জন্য চলচ্চিত্র আহবান করে বিজ্ঞপ্তি জারি করবে এবং নির্দিষ্ট সময়ের মধ্যে পুরস্কারের বিবেচনার নিমিত্ত চলচ্চিত্র জমা দেওয়ার জন্য অনুরোধ জানাবে;

(০৩) চলচ্চিত্র সংগ্রহ করার পর জুরি বোর্ড সে সব স্ক্রিনিং, পরীক্ষা, পর্যালোচনা ও মূল্যায়ন করে বিবেচ্য বছরের জাতীয় চলচ্চিত্র পুরস্কারের জন্য সুপারিশমালা প্রণয়ন করে তথ্য মন্ত্রণালয়ে প্রেরণ করবে;

(০৪) আজীবন সম্মাননা ব্যতীত অন্য সব ক্ষেত্রে শ্রেষ্ঠত্বের বিচারে প্রয়োজনীয় মনে হলে জুরি বোর্ড একাধিক চলচ্চিত্র ও ব্যক্তিকে পুরস্কার প্রদানের জন্য সুপারিশ করতে পারবে;

(০৫) কোনো ক্ষেত্রে জাতীয় পুরস্কারের জন্য যথাযোগ্য মনে না করলে জুরি বোর্ড সেই ক্ষেত্রে সুপারিশ প্রদান থেকে বিরত থাকতে পারে। তবে এক্ষেত্রে সুপারিশ না করার কারণ উল্লেখ করতে হবে;

(০৬) জুরি বোর্ড পুরস্কারের প্রতিটি ক্ষেত্রে মুখ্য সুপারিশের পাশাপাশি বিকল্প সুপারিশও প্রদান করবে;

(০৭) জুরি বোর্ড পুরস্কারের জন্য সুপারিশকৃত ব্যক্তিদের জীবন-বৃত্তান্ত মন্ত্রিসভা কমিটির সদয় অবগতি ও বিবেচনার জন্য সুপারিশমালার সাথে দাখিল করবে;

(০৮) উপরিউক্ত দায়িত্ব সম্পাদনের জন্য প্রয়োজনীয় অন্যান্য ব্যবস্থা ও কার্যক্রম; এবং

(০৯) জাতীয় চলচ্চিত্র পুরস্কার প্রদানের সুপারিশমালা প্রণয়নের ক্ষেত্রে জুরি বোর্ডের নীতিমালা অনুসরণ করতে হবে।

৩। নিম্নবর্ণিত ক্ষেত্রসমূহ পুরস্কার প্রদানের জন্য বিবেচিত হবে:

| | |
|---|---|
| ০১ | আজীবন সম্মাননা |
| ০২ | শ্রেষ্ঠ চলচ্চিত্র |
| ০৩ | শ্রেষ্ঠ স্বল্পদৈর্ঘ্য চলচ্চিত্র |
| ০৪ | শ্রেষ্ঠ প্রামান্য চলচ্চিত্র |
| ০৫ | শ্রেষ্ঠ চলচ্চিত্র পরিচালক |
| ০৬ | শ্রেষ্ঠ অভিনেতা প্রধান চরিত্রে |
| ০৭ | শ্রেষ্ঠ অভিনেত্রী প্রধান চরিত্রে |
| ০৮ | শ্রেষ্ঠ অভিনেতা পার্শ্ব চরিত্রে |
| ০৯ | শ্রেষ্ঠ অভিনেত্রী পার্শ্ব চরিত্রে |
| ১০ | শ্রেষ্ঠ অভিনেতা/অভিনেত্রী খল চরিত্রে |
| ১১ | শ্রেষ্ঠ অভিনেতা/অভিনেত্রী কৌতুক চরিত্রে |
| ১২ | শ্রেষ্ঠ শিশু শিল্পী |
| ১৩ | শিশু শিল্পী শাখায় বিশেষ পুরস্কার |
| ১৪ | শ্রেষ্ঠ সংগীত পরিচালক |
| ১৫ | শ্রেষ্ঠ নৃত্য পরিচালক |
| ১৬ | শ্রেষ্ঠ গায়ক |
| ১৭ | শ্রেষ্ঠ গায়িকা |
| ১৮ | শ্রেষ্ঠ গীতিকার |
| ১৯ | শ্রেষ্ঠ সুরকার |
| ২০ | শ্রেষ্ঠ কাহিনিকার |
| ২১ | শ্রেষ্ঠ চিত্রনাট্যকার |
| ২২ | শ্রেষ্ঠ সংলাপ রচয়িতা |
| ২৩ | শ্রেষ্ঠ সম্পাদক |
| ২৪ | শ্রেষ্ঠ শিল্প নির্দেশক |
| ২৫ | শ্রেষ্ঠ চিত্রগ্রাহক |
| ২৬ | শ্রেষ্ঠ শব্দগ্রাহক |
| ২৭ | শ্রেষ্ঠ পোশাক ও সাজ-সজ্জা |
| ২৮ | শ্রেষ্ঠ মেক-আপম্যান |

৪। জুরি বোর্ডের কোনো সদস্য অথবা তার পরিবারের কোনো সদস্যের নাম এই বোর্ড কর্তৃক বিবেচ্য বছরে জাতীয় চলচ্চিত্র পুরস্কারের জন্য বিবেচনাধীন থাকলে সংশ্লিষ্ট সদস্য আর জুরি বোর্ডের সদস্য থাকতে পারবেন না। একই ক্ষেত্রের জন্য কোনো ব্যক্তি তার স্থলাভিষিক্ত হবেন।

৫। বাংলাদেশ চলচ্চিত্র সেন্সর বোর্ড জুরি বোর্ডকে সাচিবিক সহায়তা প্রদান করবে।

৬। নীতিমালা অনুযায়ী সুপারিশ প্রণয়ন করে জুরি বোর্ড আগামী ০২ (দুই) মাসের মধ্যে তথ্য মন্ত্রণালয়ে প্রতিবেদন দাখিল করবে।

৭। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**শাহীন আরা বেগম (পিএএ)**
উপসচিব (চলচ্চিত্র)

**স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়**
**স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ**
**জনসংখ্যা-১ অধিশাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ: ৩০ ভাদ্র ১৪২৪/১৪ সেপ্টেম্বর ২০১৭

নং **৫৯.১১৪.০৭৪.০০.০০.০১৩.২০১৭-১৪৫**—গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার জাতীয় জনসংখ্যা পরিষদের নির্বাহী কমিটি পুনর্গঠন করেছে, যা নিম্নরূপ:

**জাতীয় জনসংখ্যা পরিষদের পুনর্গঠিত নির্বাহী কমিটি (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

**চেয়ারম্যান**

১। মাননীয় মন্ত্রী, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়

**সদস্যবৃন্দ**

২। মাননীয় মন্ত্রী, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়

৩। মাননীয় মন্ত্রী, শিক্ষা মন্ত্রণালয়

৪। মাননীয় প্রতিমন্ত্রী, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়

৫। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ

৬। মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়

৭। সচিব, স্বাস্থ্য ও শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ

৮। সচিব, স্বাস্থ্যসেবা বিভাগ

৯। সদস্য (আর্থ সামাজিক অবকাঠামো বিভাগ), পরিকল্পনা কমিশন

১০। সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ

১১। সচিব, তথ্য মন্ত্রণালয়

১২। সচিব, সমাজকল্যাণ মন্ত্রণালয়

১৩। সচিব, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়

১৪। সচিব, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়

১৫। সচিব, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়

১৬। সচিব, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়

১৭। সচিব, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়

১৮। সচিব, কৃষি মন্ত্রণালয়

১৯। সচিব, কারিগরি ও মাদরাসা শিক্ষা বিভাগ

২০। মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর

**সদস্য-সচিব**

২১। অতিরিক্ত সচিব (জনসংখ্যা, পরিবার কল্যাণ ও আইন), স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়

**সদস্যবৃন্দ**

২২। মহাপরিচালক, পরিবার পরিকল্পনা অধিদপ্তর

২৩। মহাপরিচালক, জাতীয় জন্যসংখ্যা গবেষণা ও প্রশিক্ষণ ইনস্টিটিউট (নিপোর্ট)

২৪। মহাপরিচালক, বাংলাদেশ টেলিভিশন

২৫। মহাপরিচালক, বাংলাদেশ বেতার

২৬। সভাপতি, বাংলাদেশ পরিবার পরিকল্পনা সমিতি

২৭। প্রফেসর ড. আবুল বারাকাত, অর্থনীতি বিভাগ, ঢাকা বিশ্ববিদ্যালয় ও প্রধান উপদেষ্টা, হিউম্যান রিসার্চ ডেভেলপমেন্ট সেন্টার, হাউজ # ০৫, রোড # ০৮, মোহাম্মাদিয়া হাউজিং সোসাইটি, মোহাম্মদপুর, ঢাকা।

২৮। ড. শেখ নাজমূল হুদা, কান্ট্রি প্রজেক্ট ম্যানেজার, ফিস্টুলা কেয়ার প্লাস প্রজেক্ট, এনজেন্ডার হেলথ বাংলাদেশ, কনকর্ড রয়েল কোর্ট (৬ষ্ঠ তলা), বাড়ী নং-৪০, সড়ক নং-১৬ (নতুন), ধানমন্ডি, ঢাকা।

২৯। ড. ওবায়দুর রব, কান্ট্রি ডিরেক্টর, পপুলেশন কাউন্সিল অফিস, বাংলাদেশ, বাড়ী নং ২১, সড়ক নাং-১১৮, গুলশান-১, ঢাকা

৩০। জনাব মোঃ মাসুদুর রহমান, সভাপতি, ফ্যামিলি প্ল্যানিং এসোসিয়েশন অব বাংলাদেশ (এফপিএবি), ২, নয়াপল্টন, ঢাকা-১০০০

৩১। প্রফেসর রওশন আরা বেগম, সাবেক সভাপতি, অবসটেট্রিক্যাল এন্ড গাইনীকোলজীক্যাল সোসাইটি অব বাংলাদেশ

৩২। প্রফেসর ড. এক কে এম নুরুন নবী, ডিপার্টমেন্ট অব পপুলেশন সাইন্সেস, ঢাকা বিশ্ববিদ্যালয়

৩৩। প্রফেসর ড. কাওসার আফসানা, পরিচালক, হেলথ, নিউট্রিশন এন্ড পপুলেশন, ব্রাক, ৭৫, মহাখালী, ঢাকা

৩৪। মিসেস মুসতারি খান, নির্বাহী পরিচালক, কনসার্নড উইমেন ফর ফ্যামিলি ডেভেলপমেন্ট, প্লট # ১৬-১৮, ব্লক # ই, রোড # ১, বনশ্রী, রামপুরা, ঢাকা।

**জাতীয় জনসংখ্যা পরিষদের নির্বাহী কমিটির কার্যপরিধি:**

(১) নির্বাহী কমিটি জাতীয় জনসংখ্যা পরিষদ প্রদত্ত সুপারিশ ও পরামর্শসমূহ বাস্তবায়নের অগ্রগতি পর্যালোচনা করে জাতীয় জনসংখ্যা পরিষদে উপস্থাপন করবে;

(২) নির্বাহী কমিটি পরিবার পরিকল্পনা ও প্রজনন স্বাস্থ্য এবং পুষ্টি কার্যক্রম ফলপ্রসূ, টেকসই, গতিশীল ও গণমুখী করার বিষয়ে গৃহীত কর্মপরিকল্পনা বাস্তবায়নের অগ্রগতি পর্যালোচনা করে জাতীয় জনসংখ্যা পরিষদের নিকট উপস্থাপন করবে;

(৩) নির্বাহী কমিটি প্রয়োজনীয় ক্ষেত্রে নীতি প্রণয়নের বিষয়ে জনসংখ্যা বিশেষজ্ঞ কমিটির সহযোগিতায় কারিগরি দলিল প্রস্তুত করবে এবং তা যথাযথ কর্তৃপক্ষের নিকট উপস্থাপনের ব্যবস্থা গ্রহণ করবে;

(৪) নির্বাহী কমিটি ১ বছরে ৪ বার সভা অনুষ্ঠানের ব্যবস্থা গ্রহণ করবে;

(৫) নির্বাহী কমিটি প্রয়োজনে সংশ্লিষ্ট মন্ত্রণালয়/ বিভাগসমূহের সহযোগিতা গ্রহণ করবে;

(৬) নির্বাহী কমিটি প্রয়োজনে নতুন সদস্য কো-অপ্ট করতে পারবে।

২। এ সংক্রান্ত এ মন্ত্রণালয়ের স্মারক নং-৪৫.১৭১.০৭৪.০০.০০.০২১.২০১০-২২০, তারিখ ১৬-০৫-২০১০ প্রজ্ঞাপন মোতাবেক গঠিত জাতীয় জনসংখ্যা পরিষদের নির্বাহী কমিটি বাতিল বলে গণ্য হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**এস, এম, আহসানুল আজিজ**
উপসচিব।

---

**স্বাস্থ্যসেবা বিভাগ**
**নির্মাণ অধিশাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ: ২৫ সেপ্টেম্বর ২০১৭ খ্রিঃ

নং **৪৫.১৬৭.০৮৬.০০০০.০৪৪.২০১৬-৩২৩**—স্বাস্থ্যসেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের অধীন ভোলা জেলার সদর উপজেলার “দক্ষিণ দিঘলদী (বাংলাবাজার) মা ও শিশু কল্যাণ কেন্দ্র”টির নাম “ফাতেমা খানম মা ও শিশু কল্যাণ কেন্দ্র” বাংলাবাজার, সদর” ভোলা করণে সরকারের সম্মতি জ্ঞাপন করা হলো।

২। জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোহাম্মদ আলমগীর হোসেন**
সিনিয়র সহকারী সচিব।